ভারতকে হারিয়ে টানা দ্বিতীয় শিরোপা জিতল বাংলাদেশ



ভারতকে হারিয়ে টানা দ্বিতীয়বার শিরোপা জিতল বাংলাদেশ ছবি: সংগৃহীত

সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপে আবারও সাফল্যের ইতিহাস লিখল বাংলাদেশ। ফাইনালে ভারতকে টাইব্রেকারে ৪-২ গোলে পরাজিত করে টানা দ্বিতীয়বারের মতো শিরোপা নিশ্চিত করে লাল-সবুজের যুব দল।

নির্ধারিত সময়ের খেলা সমতায় শেষ হলে ম্যাচ গড়ায় টাইব্রেকারে, সেখানেই দৃঢ়তা দেখিয়ে জয় ছিনিয়ে নেয় বাংলাদেশ।

এর আগে ২০২৪ সালের আসরেও শিরোপা জিতেছিল বাংলাদেশ। ফলে এবারের জয় দলটির ধারাবাহিক সাফল্যেরই ধারাবাহিকতা হিসেবে ধরা হচ্ছে।

LENS ASIA